The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 17 November, 2025

প্রবাসী ভোটার নিবন্ধন অ্যাপ উদ্বোধন আগামীকাল

- A Monitor Desk Report



ঢাকা : প্রবাসী ভোটার নিবন্ধন অ্যাপ আগামীকাল মঞ্চালবার (১৮ নভেম্বর) সন্ধ্যায় উদ্বোধন করা হবে।

রবিবার (১৬ নভেম্বর) নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন কমিশন ভবনের সেমিনার কক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নিবন্ধিত রাজনৈতিক দলের সঞ্চো ইসির মতবিনিময় সভায় এ কথা বলেন।

ইসি আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, ১৮ নভেম্বর সন্ধ্যায় প্রবাসী বাংলাদেশীদের ভোটার নিবন্ধন অ্যাপ উদ্বোধন করব। এবারই আমরা প্রবাসীদের ভোটের অধিকার নিশ্চিত করতে চাইছি।

তিনি রাজনৈতিক দলপুলোকে প্রবাসী ভোটারদের নিবন্ধন করার জন্য প্রচার চালানোর অনুরোধ জানিয়ে বলেন, রাজনৈতিক দলপুলো প্রচার করলে, আমাদের এই উদ্যোগ সফল হবে।

অপরদিকে, তথ্য অধিদফতরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রধান নির্বাচন কমিশনার এ. এম. এম. নাসির উদ্দিন আগামী ১৮ নভেম্বর সন্ধ্যা ৬টা থেকে সোয়া ৭টায় নির্বাচন ভবনের অডিটোরিয়ামে 'পোস্টাল ভোট বিডি' মোবাইল অ্যাপ উন্মুক্ত করবেন।

এর আগে গত ৯ নভেম্বর ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ সাংবাদিকদের বলেন, আগামী ১৮ নভেম্বর প্রবাসী ভোটার নিবন্ধন অ্যাপ উদ্বোধন করা হবে। প্রবাসী বাংলাদেশিদের ভোটাধিকার নিশ্চিত করতে তৈরি করা অ্যাপটির নাম পোস্টাল ভোট বিডি।